



শর্ত পূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

— শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

বিশ্ববিদ্যালয়ের আইন-না-মানা বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ইশিয়ারি উচ্চারণ করে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া তারা আর কোনো পথ খোলা নেই। তিনি বিশ্ববিদ্যালয় মালিকদের ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে সেবার মানোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

গতকাল বুধবার আওলিয়ায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭ম সমাবর্তনে সভাপতির ভাষণে এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী আরো বলেন, বিশ্বের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ডিআইইউ চুক্তির মাধ্যমে শিক্ষক ও ছাত্রছাত্রীরা একত্রে প্রোগ্রামে যেতে পারছেন। শিক্ষার মানোন্নয়নের ক্ষেত্রে এরকম পদক্ষেপ সত্যিই আশাব্যঞ্জক। তিনি বলেন, কৃষিভিত্তিক প্রসেসড ফুডসের জন্য দক্ষ জনশক্তি তৈরি করতেও এ বিশ্ববিদ্যালয় অবদান রাখছে। এসময় তিনি বাংলাদেশ এগ্রো-প্রসেসর অ্যাসোসিয়েশনের সাথে এমওইউ স্বাক্ষর করায় ড্যাফোডিল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান।

সমাবর্তনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ইউসুফ মাহবুবুল ইসলাম এবং ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো. সবুর খান প্রমুখ বক্তব্য রাখেন। সমাবর্তনে বক্তা ছিলেন ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইউনিভার্সিটি প্রেসিডেন্টের সভাপতি এবং জর্জিয়া ককেনাস ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ড. কাখা শিমেলিয়া।

সমাবর্তনে ৩ হাজার ৪৯৮ জন নবীন গ্রাজুয়েট সনদ লাভ করেন। সমাবর্তনে পাঁচ জন কৃতী গ্রাজুয়েটকে চ্যান্সেলর স্বর্ণপদক প্রদান করেন শিক্ষামন্ত্রী। এ ছাড়াও, অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী ১৫ জন গ্রাজুয়েটকে স্বর্ণপদক প্রদান করেন। অনুষ্ঠানের শুরুতে মন্ত্রী সমাবর্তন শোভাযাত্রার নেতৃত্ব দেন।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রতি নং.....	
তারিখ.....	
সি.এ. ডি.এল.সি. বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
ডি.এ.	
স্বাক্ষর/স্বাক্ষর	
	স্বাক্ষর